www.bdniyog.com



# উপমহাদেশে ইসলামের আবির্ভাব

## সিন্ধু বিজয়



যুদ্ধক্ষেত্রে মুহাম্মদ বিন কাসিম

উমাইয়া খলিফা ওয়ালিদ বিন আব্দুল মালিকের রাজত্বকালে মুসলমানদের বিজয়াভিযান শুরু হয়। তাঁর সেনাপতি মুসা বিন নুসাইর সমগ্র উত্তর আফ্রিকা এবং তারিক স্পেন জয় করে। খলিফা ওয়ালিদের রাজত্বকালে হাজ্জাজ বিন ইউসুফ পূর্বাঞ্চলীয় প্রদেশ সমূহের শাসনকর্তা নিযুক্ত হন। তিনি ৭১২ খ্রিস্টাব্দে তাঁর জামাতা মুহম্মদ বিন কাসিমকে সিন্ধু রাজা দাহিরের বিরুদ্ধে অভিযানে প্রেরণ করেন। মুহম্মদ বিন কাসিম সর্বপ্রথম সিন্ধুর দেবল শহর অবরোধ করেন। অতঃপর তিনি সিন্ধু নদী পার হয়ে ব্রাহ্মণাবাদে রাজা দাহিরকে আক্রমণ করেন। যুদ্ধে দাহির শোচনীয়ভাবে পরাজিত এবং নিহত হয়। মুহম্মদ বিন কাসিমের সিন্ধু বিজয়ের ফলে উপমহাদেশে ইসলামের আবির্ভাব ঘটে। কিন্তু মুহম্মদ বিন কাসিমের অকালমৃত্যুর কারণে উপমহাদেশে ইসলাম একটি রাজনৈতিক শক্তি হিসাবে প্রতিষ্ঠিত হয়নি।

## সুলতান মাহমুদের ভারত অভিযান

মুহম্মদ বিন কাসিমের সিন্ধু বিজয়ের প্রায় ৩০০ বছর পর গজনীর সুলতান মাহমুদ ১০০০ সাল থেকে ১০২৭ সাল পর্যন্ত সময়ের মধ্যে উপমহাদেশের পশ্চিমাঞ্চলে ১৭ বার অভিযান পরিচালনা করেন।



সুলতান মাহমুদ

BCS Spotlight

## MCQ Solution

১. কোন মুসলিম সেনাপতি স্পেন জয় করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ⓚ মুসা বিন নুসায়ের ⓚ খালিদ বিন ওয়ালিদ

ⓖ মুহম্মদ বিন কাসিম ⓖ তারিক **উত্তর: ঘ**

২. সিন্ধু বিজয়ের মাধ্যমে কে ভারতীয় উপমহাদেশে ইসলাম প্রতিষ্ঠার পথ সুগম করেন? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]

ক) হাজ্জাজ-বিন-ইউসুফ খ) মুহম্মদ-বিন-কাসিম

গ) মুহম্মদ ঘুরী ঘ) ইখতিয়ারউদ্দিন-মুহম্মদ-বিন বখতিয়ার খিলজি **উত্তর: খ**

৩. প্রথম মুসলিম সিন্ধু বিজেতা ছিলেন- [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]

ক) বাবর খ) সুলতান মাহম্মদ

গ) মুহম্মদ-বিন-কাসিম ঘ) মোহাম্মদ ঘোরী **উত্তর: গ**

৪. কোন মুসলিম সেনাপতি সিন্ধু জয় করেন? [ইসলামী বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]

ক) মুসা বিন নুসাইর খ) তারেক বিন জিয়াদ

গ) মুহাম্মদ বিন কাসিম ঘ) খালেদ বিন ওয়ালিদ **উত্তর: গ**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

৫. মুহম্মদ বিন কাসিম সর্বপ্রথম সিন্ধুর কোন শহরে উপস্থিত হন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]
ⓚ মুলতান ⓚ রাওয়ার
ⓖ দেবল ⓖ অমৃতসর
উত্তর: গ

৬. আরবদের আক্রমণের সময় সিন্ধু দেশের রাজা ছিলেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ মানসিংহ ⓚ জয়পাল
ⓖ দাহির ⓖ দাউদ
উত্তর: গ

৭. সুলতান মাহমুদ কত বার ভারতবর্ষ আক্রমণ করেন? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বাগানবিলাস) : ১২ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]
ⓚ ১৫ বার ⓚ ১৭ বার
ⓖ ১৮ বার ⓖ ২০ বার
উত্তর: খ

## ভারতে মুসলমান শাসন

ময়েজউদ্দিন মুহম্মদ বিন সাম ইতিহাসে শিহাবউদ্দিন মুহম্মদ ঘুরী নামে পরিচিত। কোনো কোনো ঐতিহাসিক ঘুরীদের পারসিক জাতি বলে অভিহিত করলেও ঐতিহাসিক লেনপুল তাদের আফগান জাতির বংশধর বলে অভিহিত করেছেন। গজনীতে ঘুর সাম্রাজ্য প্রতিষ্ঠিত হলে মুহম্মদ ঘুরী উপমহাদেশে তাঁর সাম্রাজ্য বিস্তারে মনোনিবেশ করেন।

## তরাইনের যুদ্ধ

| যুদ্ধের নাম | তরাইনের প্রথম যুদ্ধ | তরাইনের দ্বিতীয় যুদ্ধ |
|---|---|---|
| প্রতিপক্ষ | মুহম্মদ ঘুরী ও পৃথ্বিরাজ চৌহান | |
| সময়কাল | ১১৯১ খ্রি. | ১১৯২ খ্রি. |
| ফলাফল | মুহম্মদ ঘুরী শোচনীয়ভাবে পরাজিত ও আহত হয়ে স্বদেশ প্রত্যাবর্তন করেন। | পৃথ্বিরাজ চৌহান পরাজিত ও নিহত হন এবং মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। |

তরাইনের দ্বিতীয় যুদ্ধের পর মুহম্মদ ঘুরী উত্তর উপমহাদেশের শাসনভার তার সুযোগ্য সেনাপতি কুতুবুদ্দিনের উপর ন্যস্ত করে গজনী প্রত্যাবর্তন করেন। কুতুবউদ্দিন উত্তর ভারতে রাজ্যবিস্তার করে দিল্লিতে তার রাজধানী স্থাপন করেন।

## MCQ Solution

১. তরাইনের দ্বিতীয় যুদ্ধে কে পরাজিত হন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ মুহম্মদ ঘুরী ⓚ লক্ষ্মণ সেন
ⓖ পৃথ্বিরাজ ⓖ জয়চন্দ্র
উত্তর: গ

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



# মধ্যযুগ

## দিল্লি সালতানাত (Delhi Sultanate)

### দাস বংশ (১২০৬-১২৯০ খ্রি.)

**সুলতান কুতুবউদ্দিন আইবেক (১২০৬-১২১০ খ্রি.)**

কুতুবউদ্দিন আইবেক মুহম্মদ ঘুরীর একজন ক্রীতদাস হিসাবে জীবন শুরু করেন। তিনি মুহম্মদ ঘুরীর অনুমতিক্রমে ভারত বিজয়ের পর দিল্লীতে মুসলিম শাসনের গোড়াপত্তন করেন। উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের প্রতিষ্ঠাতা কুতুবউদ্দিন আইবেক। কুতুবউদ্দিন আইবেক ছিলেন তুর্কিস্তানের অধিবাসী। এজন্য কুতুবউদ্দিন আইবেক ও তাঁর উত্তরাধিকারদের শাসনামলকে প্রাথমিক যুগের তুর্কী শাসন বলেও চিহ্নিত করা হয়। দানশীলতার জন্য তাঁকে 'লাখবক্স' বলা হত। দিল্লির কুতুবমিনার নামক সুউচ্চ মিনারটির নির্মাণকাজ শুরু হয় তার শাসনামলে। তিনি মিনারটির নির্মাণকাজ শেষ করতে পারেননি। দিল্লীর বিখ্যাত সাধক কুতুবউদ্দিন বখতিয়ার কাকির নামানুসারে এর নাম রাখা হয় কুতুবমিনার।



**সুলতান শামসউদ্দিন ইলতুতমিশ (১২১১-১২৩৬ খ্রি.)**

কুতুবউদ্দিন আইবেকের জামাতা ছিলেন ইলতুতমিশ। তিনি ছিলেন প্রাথমিক যুগে তুর্কী সুলতানদের মধ্যে শ্রেষ্ঠ। তাঁকে দিল্লীর সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়। ভারতে মুসলমান শাসকদের মধ্যে তিনি প্রথম মুদ্রা প্রচলন করেন। তিনি কুতুবমিনারের নির্মাণকাজ সমাপ্ত করেন।



**সুলতানা রাজিয়া**

ইলতুতমিশের কন্যা সুলতানা রাজিয়া ১২৩৬ খ্রিস্টাব্দে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। তিনি ছিলেন দিল্লীর সিংহাসনে আরোহণকারী প্রথম মুসলমান নারী।

**সুলতান নাসিরউদ্দিন মাহমুদ (১২৪৬-১২৬৬ খ্রি.)**

সুলতান নাসিরউদ্দিন অত্যন্ত ধর্মভীরু লোক ছিলেন। সরল ও অনাড়ম্বর জীবনযাপনের জন্য তিনি ফকির বাদশাহ নামে পরিচিত। তিনি কুরআন নকল ও টুপি সেলাই করে জীবিকা নির্বাহ করতেন।

**সুলতান গিয়াসউদ্দিন বলবন (১২৬৬-১২৮৭ খ্রি.)**

সুলতান গিয়াসউদ্দিন বিদ্যোৎসাহী ও গুণীজনের পৃষ্ঠপোষক ছিলেন। 'ভারতের তোতা পাখি' নামে পরিচিত আমীর খসরু বলবনের দরবার অলংকৃত করেন।

## MCQ Solution

১. ভারতবর্ষে সর্বপ্রথম মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন- [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪]

ⓚ মুহম্মদ বিন কাসিম ⓧ সুলতান মাহমুদ
ⓖ মুহম্মদ ঘুরি ⓨ গিয়াস উদ্দিন আজম শাহ

উত্তর: গ

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

২. দিল্লি সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮ / জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ⓚ কুতুবউদ্দীন আইবেক ⓚ শামসউদ্দিন ইলতুতমিশ
ⓖ গিয়াসউদ্দিন বলবন ⓖ আলাউদ্দিন খলজি উত্তর: খ

৩. 'কুতুব মিনার' কোথায় অবস্থিত? [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ⓚ চীন ⓚ ভারত
ⓖ বাংলাদেশ ⓖ বার্মা উত্তর: খ

৪. দিল্লির সিংহাসনে অধিষ্ঠিত প্রথম মুসলিম নারী কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ৰ ইউনিট) : ০৩-০৪]
ⓚ সম্রাজ্ঞী নূরজাহান ⓚ সুলতানা রাজিয়া
ⓖ মমতাজ ⓖ যোধা বাঈ উত্তর: খ

## খলজী বংশ (১২৯০ - ১৩২০ খ্রি.)



### আলাউদ্দিন খলজী (১২৯৬-১৩১৬ খ্রি.)

পর্যটক ইবনে বতুতা আলাউদ্দিন খলজীকে দিল্লীর শ্রেষ্ঠ সুলতান বলে অভিহিত করেছেন। আলাউদ্দিন খলজী জণগণের সার্বিক কল্যাণের জন্য দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণের উপর হস্তক্ষেপ করেন এবং প্রতিটি দ্রব্যের মূল্য নির্দিষ্ট হারে বেধে দেন। তিনি শিল্পানুরাগী ছিলেন। বিখ্যাত আলাই দরওয়াজা তাঁরই কীর্তি। ঐতিহাসিক জিয়াউদ্দিন বারনী, কবি হোসেন দেহলবী, কবি আমির খসরু প্রমুখ গুণীজন তাঁর পৃষ্ঠপোষকতা লাভ করেন। তিনি প্রথম মুসলমান শাসক হিসাবে দক্ষিণ ভারত জয় করেন। তিনি ১৩০৬ খ্রিস্টাব্দে মালিক কাফুর নেতৃত্বে দক্ষিণাত্যের দেবগিরির রাজা রামচন্দ্রের বিরুদ্ধে সামরিক অভিযান প্রেরণ করেন। যুদ্ধে পরাজিত হয়ে দেবগিরির রাজা দিল্লীর আনুগত্য স্বীকার করে।

## MCQ Solution

১. কোন মুসলমান প্রশাসক প্রথম দক্ষিণ ভারত জয় করেন? [শ্রম অধিদপ্তরে অফিসার : ৯৪]
ⓚ আলাউদ্দিন খলজী ⓚ শের শাহ
ⓖ আকবর ⓖ আওরঙ্গজেব উত্তর: ক

২. কোন মুসলিম সেনাপতি সর্বপ্রথম দাক্ষিণাত্য জয় করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ মালিক কাফুর ⓚ বৈরাম খাঁন
ⓖ শায়েস্তা খাঁন ⓖ মীর জুমলা উত্তর: ক

৩. মূল্য ও বাজার নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তন করেন - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ ইলতুতমিশ ⓚ বলবন
ⓖ আলাউদ্দিন খলজী ⓖ মুহম্মদ বিন তুঘলক উত্তর: গ

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner


www.bdniyog.com



# তুঘলক বংশ (১৩২০ - ১৪১৩ খ্রি.)

## মোহাম্মদ বিন তুঘলক (১৩২৫-১৩৫১ খ্রি.)

মুহম্মদ বিন তুঘলক অত্যন্ত প্রতিভাশালী শাসক ছিলেন। রাজ্য শাসনের প্রত্যক্ষ অসুবিধা দূর করার জন্য ১৩২৬-২৭ খ্রিস্টাব্দে সাম্রাজ্যের কেন্দ্রীয় রাজধানী দিল্লি থেকে দেবগিরিতে স্থানান্তর করেন। কিন্তু নানাকারণে কর্মচারীদের দেবগিরি পছন্দ না হওয়ায় এবং উত্তর ভারতে মঙ্গলদের আক্রমণ বেড়ে যাওয়ায় তিনি রাজধানী দিল্লিতে ফেরত আনেন। সুলতান সোনা ও রূপার মুদ্রার পরিবর্তে প্রতীক তামার মুদ্রা প্রচলন করে মুদ্রামান নির্ধারণ করে দেন। প্রতীক মুদ্রা জাল না হওয়ার জন্য যে ব্যবস্থা নেওয়া প্রয়োজন তা সে যুগে ছিল না। ফলে ব্যাপকভাবে মুদ্রা জাল হতে থাকে। এজন্য সুলতানকে এ পরিকল্পনা ত্যাগ করতে হয়।



মোহাম্মদ বিন তুঘলকের রৌপ্য মুদ্রা


## মাহমুদ শাহ

তুঘলক বংশের শেষ সুলতান ছিলেন মাহমুদ শাহ। বিখ্যাত তুর্কি বীর তৈমুর ছিলেন মধ্য এশিয়ার সমরকন্দের অধিপতি। শৈশবে তাঁর একটি পা খোড়া হয়ে যায় বলে তিনি তৈমুর লঙ নামে অভিহিত। মধ্য এশিয়ায় বিশাল সাম্রাজ্য স্থাপনের লক্ষ্যে ১৩৯৮ সালে তৈমুর ভারত আক্রমণ করেন। তৈমুরকে বাধা দেওয়ার ক্ষমতা মাহমুদ শাহের ছিলনা। তিনি বিনা বাধায় দিল্লিতে প্রবেশ করেন। প্রায় তিনমাস ধরে অবাধ হত্যা ও লুণ্ঠনের পর তিনি বিপুল সম্পদ নিয়ে স্বদেশে ফিরে যান।

BCS Spotlight

## খান জাহান আলী

খানজাহান আলী ছিলেন একজন মুসলিম ধর্মপ্রচারক এবং বাংলাদেশের বাগেরহাটের একজন স্থানীয় শাসক। তিনি ১৩৬৯ খ্রিস্টাব্দে দিল্লির এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। খান জাহান আলী ১৩৮৯ সালে তুঘলক সেনাবাহিনীতে সেনাপতির পদে যোগদান করেন। তিনি রাজা গণেশকে পরাজিত করে বাংলার দক্ষিণ পশ্চিমাঞ্চলে ইসলামের পতাকা উড্ডীন করেন। তিনি বাগেরহাট জেলায় বিখ্যাত ষাটগম্বুজ মসজিদ নির্মাণ করেন। তিনি পঞ্চদশ শতাব্দীতে (১৪৩৫-১৪৫৯ খ্রি:) এটি নির্মাণ করেন। মসজিদের নাম ষাট গম্বুজ হলেও মসজিদে গম্বুজ মোটেও ষাটটি নয়, গম্বুজ মোট ৮১টি। মসজিদের ভিতরে ষাটটি স্তম্ভ বা পিলার আছে। মসজিদের চারকোণায় চারটি মিনার আছে। এটি বাংলাদেশের মধ্যযুগের সবচেয়ে বড় মসজিদ। ১৯৮৩ সালে ইউনেস্কো একে বিশ্ব ঐতিহ্য ঘোষণা করে।



ষাট গম্বুজ মসজিদ

# লোদী বংশ (১৪৫১ - ১৫২৬ খ্রি.)

## ইব্রাহীম লোদী

১৫২৬ সালে পানিপথের প্রথম যুদ্ধে বাবরের নিকট দিল্লির লোদী বংশের সর্বশেষ সুলতান ইব্রাহীম লোদীর পরাজয়ের মাধ্যমে দিল্লীর সালতানাতের পতন ঘটে।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## MCQ Solution

১. ভারতে প্রথম প্রতীক মুদ্রা প্রবর্তন করেন – [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ শেরশাহ ⓚ মুহম্মদ বিন তুঘলক
ⓖ ইলতুতমিশ ⓖ লর্ড কর্নওয়ালিস
উত্তর: খ

২. দিল্লি থেকে রাজধানী দেবগিরিতে স্থানান্তর করেন কে? [জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা : ০৭-০৮ / স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ক সম্রাট আকবর খ মুহাম্মদ বিন তুঘলক
গ সম্রাট জাহাঙ্গীর ঘ সুলতান ইলিয়াস শাহ
উত্তর: খ

৩. মুহম্মদ বিন তুঘলক রাজধানী স্থানান্তর করেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক কারাচিতে খ দেবগিরিতে
গ নগর কোটে ঘ ঘোড়াশালে
উত্তর: খ

৪. তৈমুর লঙ ভারত আক্রমণ করেন- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ডালিয়া) : ১২]
ক ১৬৯৮ সালে খ ১৫৯৮ সালে
গ ১৩৯৮ সালে ঘ ১২৯৮ সালে
উত্তর: গ

৫. বাংলাদেশের সবচেয়ে বড় মধ্যযুগীয় মসজিদ কোনটি? [বাতিলকৃত ২৪ তম বিসিএস]
ক কুসুম্বা মসজিদ খ বড় সোনা মসজিদ
গ ষাট গম্বুজ মসজিদ ঘ সাত গম্বুজ মসজিদ
উত্তর: গ

৬. কে 'ষাট গম্বুজ' মসজিদটি নির্মাণ করেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া, মিসিসিপি) : ১৩/ রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শাপলা) : ১১ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯]
ক হযরত আমানত শাহ খ বায়েজীদ বোস্তামী
গ পীর খান জাহান আলী ঘ সুফী শাহ মখদুম
উত্তর: গ

৭. ষাট গম্বুজ মসজিদ কোথায় অবস্থিত? [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ক বাগেরহাট খ সিলেট
গ খুলনা ঘ চুয়াডাঙ্গা
উত্তর: ক

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner